গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট
E-mail: gwcsyl@gmail.com, Phone: 0821-714564
www.sgwc.edu.bd, EIIN: 130453

তারিখ: ৩০-০৭-২০২৫খ্রি.

## ২০২৫ সালের ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণের বিজ্ঞপ্তি :

এতদ্বারা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ডিগ্রি (পাস) ১ম বর্ষে ভর্তিকৃত নিয়মিত শিক্ষার্থী এবং ২০১৯-২০২০, ২০২০-২০২১, ২০২১-২০২২, ২০২২-২০২৩, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন শিক্ষার্থী যারা ইতোপূর্বে ১ম বর্ষের পরীক্ষায় অংশগ্রহণ করেনি অথবা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হয়েছে তাদের ২০২৫ সালের ডিগ্রি (পাস) ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ নিম্নবর্নিত সময়সীমার মধ্যে Online এ সম্পন্ন করতে হবে। আবেদনকারীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে (http://ems.nu.ac.bd/student-login) প্রবেশ করে স্ব স্ব রেজিষ্ট্রেশন নম্বর দিয়ে ও বিশ্ববিদ্যালয়ের নির্দেশনা অনুযায়ী আবেদন ফরম পূরণ করতে হবে। পূরনকৃত আবেদন ফরমটিতে পরীক্ষার্থীর বিষয় কোড ও বিশ্ববিদ্যালয়ের ফি উল্লেখ থাকবে। আবেদন ফরম পূরণ সম্পন্ন হলে অনলাইন থেকে একটি আবেদন ফরম প্রিন্ট করে নিতে হবে এবং Trust Axiata Pay (tap) এর মাধ্যমে পরীক্ষার নির্ধারিত ফি জমা দিয়ে প্রিন্টকৃত আবেদন ফরমটি নিম্নবর্ণিত সময়সূচি অনুযায়ী কলেজে সংশ্লিষ্ট পরীক্ষা কমিটির নিকট জমা দিতে হবে।

এছাড়াও এক বা একাধিক কোর্সে অকৃতকার্য ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থীর রেজিস্ট্রেশন এর মেয়াদ শেষ হওয়ায় সর্বসাকুল্যে (৫,০০০+৬০০+৫০) = ৫,৬৫০/- (পাঁচ হাজার ছয়শত পঞ্চাশ টাকা) ফি প্রদান সাপেক্ষে যে সকল শিক্ষার্থী ২য় ও ৩য় বর্ষের সকল বিষয়ে কৃতকার্য হয়েছে তারা বিশেষ বিবেচনায় শুধুমাত্র ২০২৫ সালের ১ম বর্ষ পরীক্ষায় শেষ বারের মতো বিশেষ পরীক্ষার্থী হিসেবে অংশগ্রহন করতে পারবে।

### ফি এর হিসাব ঃ

| পরীক্ষার্থীর ধরণ | জাতীয় বিশ্ববিদ্যালয়ের ফি | ইনকোর্স পরীক্ষার ফি | ব্যবস্থাপনা ফি | কেন্দ্র ফি |
|---|---|---|---|---|
| বিএ/ বিএসএস/ বিএসসি নিয়মিত/অনিয়মিত (সকল বিষয়) | ফরমে উল্লেখিত ফি | ২৫০/- | ৫০/- | ৪৫০/- |
| অনিয়মিত (এক বা একাধিক বিষয়)/ গ্রেড উন্নয়ন | ফরমে উল্লেখিত ফি | --- | ৫০/- | ৪৫০/- |
| শিক্ষাবর্ষ : ২০১৮-২০১৯ | ফরমে উল্লেখিত ফি ৫০০০/- | --- | ৫০/- | ৪৫০/- |

### পরীক্ষা কমিটির নিকট আবেদন ফরম জমাদানের সময়সূচি ঃ

| গ্রুপ | পরীক্ষার্থীর ধরন | তারিখ | সময় |
|---|---|---|---|
| বি এ | নিয়মিত | ০৯-০৮-২০২৬ | ১০.৩০ টা থেকে ০২.০০ মিঃ |
| বি এস এস | নিয়মিত | ১০-০৮-২০২৬ | |
| বি এসসি | নিয়মিত | ১১-০৮-২০২৬ | |
| বি এ/বি এস এস/বি এস সি | অনিয়মিত ও গ্রেড উন্নয়ন | ১৩-০৮-২০২৬ | |

১। অনিয়মিত শিক্ষার্থী যারা বিগত ডিগ্রি (পাস) ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করেনি তাদেরকে নির্ধারিত পরীক্ষার ফি-এর সাথে পুনঃভর্তি ফি বাবদ (বিএ এবং বিএসএস) ২,৯১০/- (দুই হাজার নয়শত দশ) টাকা **এবং** (বিএসসি) ৩,০১০/- (তিন হাজার দশ) **Trust Axiata Pay (tap) ১% চার্জসহ ফি** এর মাধ্যমে পরিশোধ সাপেক্ষে ফরম পূরণ করতে হবে। যারা ২০২৪ সাল বা তার পূর্ববর্তী ডিগ্রি (পাস) ১ম বর্ষ পরীক্ষার ফরম পূরণ করেছে কিন্তু পরীক্ষায় অংশগ্রহণ করেনি তারা প্রবেশ পত্রের ফটোকপি সংযুক্ত সাপেক্ষে পূনঃভর্তি ফি না দিয়ে শুধু পরীক্ষার ফি দিয়ে ফরম পূরণ করতে পারবে।

২। গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ক্ষেত্রে আবেদন পত্রের সাথে রেজিষ্ট্রেশন কার্ড এর ফটোকপি এবং পূর্ববর্তী ডিগ্রি (পাস) ১ম বর্ষ পরীক্ষার প্রবেশপত্রের ফটোকপি সংযুক্ত করতে হবে।

**ফরম পূরণ  ফি জমা দেয়ার পদ্ধতি নিম্নরুপ :**

**[Trust Axiata Pay (tap) ১% চার্জসহ ফি পরিশোধের জন্য http : / / fee . com . bd  / sygwc প্রবেশ করে নিজ রেজিষ্ট্রেশন নম্বর লিখে (tap) account থেকে ফি পরিশোধ করতে হবে।**

প্রতিস্বাক্ষর
06/08/25
(প্রফেসর ড. মোহাম্মদ হুমায়ুন রশীদ চৌধুরী)
অধ্যক্ষ
সিলেট সরকারি  মহিলা কলেজ, সিলেট

06.08.25
(অনুপা নাহার ওয়ালেদা)
আহবায়ক
১ম বর্ষ ডিগ্রী (পাস) ও সার্টিফিকেট কোর্স পরীক্ষা কমিটি- ২০২৫
ও
সহযোগী অধ্যাপক ও বিভাগীয় প্রধান, বাংলা বিভাগ,
সিলেট সরকারি মহিলা কলেজ, সিলেট

অনুলিপি:

০১। সম্পাদক (ভারপ্রাপ্ত), শিক্ষক পরিষদ, এই কলেজ।
০২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, এই কলেজ।
০৩। শিক্ষক মিলনায়তন, এই কলেজ।
০৪। তথ্য প্রদানকারী কর্মকর্তা, এই কলেজ।
০৫। অফিস/ সংরক্ষণ নথি।